দৈনিক খবর 32

তারিখ 05 MAR 1990
পৃষ্ঠা ১ কলাম ৪

ক্যাম্পাসে সন্ত্রাস নিয়ে আলোচনা

# বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের বৈঠকে তুমুল বাক বিতন্ডা

।। খবর রিপোর্ট ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের গতকাল অনুষ্ঠিত বৈঠকে বিশ্ববিদ্যালয় পরিস্থিতি নিয়ে তুমুল বাক-বিতন্ডা হয়েছে। সিন্ডিকেটের পাঁচজন সদস্য লিখিতভাবে উপাচার্যের কাছে কিছু প্রশ্নের জবাব চেয়েছেন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনার জন্য আগামী ৯ই মার্চের মধ্যে সিন্ডিকেটের বিশেষ বৈঠক আহবান করা হবে বলে জানা গেছে।

এদিকে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া ও উপাচার্যের পদত্যাগের দাবীতে বিভিন্ন ছাত্র সংগঠন গতকাল উপাচার্য ভবনের সামনে বিক্ষোভ প্রদর্শন শেষে সিন্ডিকেটের কাছে স্মারকলিপি দিয়েছে।

কিন্তু সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গতকাল অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের নিয়মিত বৈঠকে বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা হয়েছে। তবে, বিশ্ববিদ্যালয় পরিস্থিতির আলোচনা গতকালের বৈঠকের আলোচ্যসূচীতে ছিল না এবং তাৎক্ষণিকভাবেই বিষয়টি আলোচনা করা হয়।

সূত্রটি জানায়, বৈঠকে গত ২৫শে

২-এর পাতায় দেখুন

## বৈঠকে তুমুল বাক-বিতন্ডা

প্রথম পৃষ্ঠার পর

ফেব্রুয়ারী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত সন্ত্রাস ও হত্যাকান্ড সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দায়িত্বশীল মহল থেকে পত্র-পত্রিকায় বিভিন্ন বক্তব্যদানের বিষয় নিয়ে আলোচনা করা হয়। উত্তপ্ত আলোচনা শেষে সিদ্ধান্ত নেয়া হয় যে, বিভিন্ন হলে তল্লাশী ও বিশ্ববিদ্যালয় খোলা প্রসঙ্গে উপাচার্যের যে বক্তব্য বিভিন্ন পত্র-পত্রিকায় ছাপা হয়েছে, উপাচার্য তার প্রেক্ষিতে পত্রিকায় লিখিত বক্তব্য দেবেন।

এছাড়া বৈঠকে সিন্ডিকেটের পাঁচজন শিক্ষক প্রতিনিধি উপাচার্যের কাছে লিখিতভাবে কিছু প্রশ্ন পেশ করে এর জবাব চেয়েছেন। লিখিত এ প্রশ্নে উপাচার্যের কাছে জানতে চাওয়া হয়েছে-কেন গত ২৪শে ফেব্রুয়ারী গভীর রাতে অনুষ্ঠিত সিন্ডিকেটের জরুরী বৈঠকে উপাচার্য পরিস্থিতি সম্পর্কে যথাযথ রিপোর্ট করেননি? ঘটনা সম্পর্কে বিভিন্ন হলের প্রাধ্যক্ষ, বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর ও পুলিশের গোয়েন্দা বিভাগের রিপোর্ট কি ছিল? কেন হলগুলো তল্লাশী করা হয়নি?

জানা গেছে, গতকালের নিয়মিত সভায় এ ব্যাপারে কোন তাৎক্ষণিক জবাব উপাচার্য দেননি এবং পরবর্তী বৈঠকে এ ব্যাপারে তিনি তাঁর বক্তব্য দেবেন। গতকালের বৈঠকের ঐকমত্য অনুযায়ী আগামী ৮ অথবা ৯ই মার্চ সিন্ডিকেটের এক বিশেষ সভা আহবান করা হবে এবং এ সভাতেই বিশ্ববিদ্যালয় পরিস্থিতি ও খোলার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে।

### বিক্ষোভ-স্মারকলিপি

বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের গতকালের বৈঠক বিকেল ৪টায় উপাচার্য ভবনে শুরু হবার পরে বিভিন্ন ছাত্র সংগঠন সেখানে বিক্ষোভ প্রদর্শন করেছে এবং স্মারকলিপি দিয়েছে।

সন্ত্রাসকারীদের শাস্তি, অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের দাবীতে নয়টি ছাত্র সংগঠন উপাচার্য ভবনের সামনে এক বিক্ষোভ সমাবেশের আয়োজন করে। এতে বক্তব্য রাখেন ডাকসু জিএস, মুশতাক হোসেন। পরে নয় সংগঠনের নেতৃবৃন্দ সিন্ডিকেটের বৈঠকস্থলে গিয়ে দাবী সম্বলিত স্মারকলিপি উপস্থিত সিন্ডিকেট সদস্যদের পাঠ করে শোনান।

অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়া ও উপাচার্যের পদত্যাগের দাবীতে সকালে জাতীয়তাবাদী ছাত্রদল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক বিক্ষোভ সমাবেশের আয়োজন করে। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদল নেতা খন্দকার বাবুল চৌধুরী ও খায়রুল কবির খোকন। বিকেলে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের বৈঠককালে সংগঠনের পক্ষ থেকে দাবী সম্বলিত স্মারকলিপি পেশ করা হয়।

ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত করে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলার দাবীতে ছাত্র-ইউনিয়ন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা গতকাল উপাচার্য ভবনের সামনে এক সমাবেশের আয়োজন করে। এতে বক্তব্য রাখেন সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি অনুপম রায় ও সাধারণ সম্পাদক আলমগীর হোসাইন। স্মারকলিপি পাঠ করেন সাংগঠনিক সম্পাদক আমিনুর রহমান। সমাবেশ শেষে সংগঠনের স্মারকলিপি সিন্ডিকেটের সদস্যদের কাছে দেয়া হয়।